# কারা অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ

| ক্রঃনং- | উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | ইপ্সিত ফলাফল | চলমান/বাস্তবায়িত |
|---|---|---|---|---|
| ০১ | ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালুকরণ | বন্দির আত্নীয়-স্বজন ও সেবাপ্রার্থীদের সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালুর উদ্যোগ নেয়া হয়। উক্ত সার্ভিস সেন্টারে বন্দিদের সাথে সাক্ষাতের স্লিপ সংগ্রহ, পিসিতে টাকা জমা, ওকালতনামা জমা ও গ্রহণ, বন্দিদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন পোশাক) জমা, জামিন ও খালাস সম্পর্কিত তথ্য, মোবাইল ফোন ও ব্যাগ জমা, বন্দি সম্পর্কিত বৈধ তথ্য অনুসন্ধান, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি সকল সেবা প্রদান করা হবে। ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে সেবা প্রদানের জন্য ০২ (দুই) জন কারারক্ষী এবং ইনচার্জ হিসেবে একজন ডেপুটি জেলার দায়িত্বে থাকবেন। | ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু হলে সেবা প্রার্থীরা এক জায়গায় স্বল্প সময়ে প্রতিষ্ঠান প্রদত্ত সকল সেবা প্রাপ্ত হবে। | বাস্তবায়িত (২০১৯-২০২০) |
| ০২ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা প্রেরণ | বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমা দিতে তাদের স্বজনদের অনেক সময় দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়, লাইনে দাঁড়িয়ে থাকতেহয়। এতেসময় ও খরচ দুটোই অনেক বেশি লাগে। সেবা প্রার্থীদের সময়, খরচ ও ভোগান্তি কমাতে এই উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিকাশ/নগদ এ কারাগারে না এসে সুবিধা জনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হবে। | বাস্তবায়িত (২০১৯-২০২০) |
| ০৩ | হাইকোর্টে আপিল প্রক্রিয়া সহজিকরণ | কারা বন্দিদের জেল আপিল দাখিল, জেল আপিলের অগ্রগতি এবং ফলাফল সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবহিত হওয়ার জন্য একটি অ্যাপ Jail Appeal Tracking Tool (JATT) তৈরি করা হয়েছে। উক্ত অ্যাপের মাধ্যমে জেল আপিল সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জেনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যাবে। | কারা বন্দিদের জেল আপিল প্রক্রিয়া এবং এ সংক্রান্ত তথ্য জানা সহজতর হবে। | চলমান |
| ৪ | হট নাম্বার চালুকরণ | বন্দি আত্নীয় স্বজন কর্তৃক বন্দি সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কারাগারে গিয়ে জানতে হয় । অনেক সময় অনেক বন্দি অন্য কারাগারে বদলি হয়ে গেলে তথ্য না জানার কারণে কারাগারে গিয়ে ফেরত আসতে হয়। বন্দির আত্নীয় স্বজনদের বর্ণিত দূর্ভোগ লাঘবের উদ্দ্যেশ্যে যেন একটি নাম্বার ফোন দিয়ে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়, এই উদ্যোগ গ্রহন করা হয়। | কারাগারে না এসেও দেশের যে কোন প্রান্ত থেকে কারাগার বা বন্দির সংক্রান্ত বৈধ তথ্য প্রাপ্তি সহজতর হবে। | চলমান |

# কারা অধিদপ্তরে উদ্ভাবনী উদ্যোগ

১. উদ্ভাবনের শিরোনামঃ

কারাগার সমূহে ওয়ানস্টপ সার্ভিস চালুকরণ

২. পট ভূমিঃ

বন্দির স্বজন ও সাক্ষাত প্রার্থীগন কারাগারের বিভিন্ন সেবা গ্রহণের জন্য ভিন্ন ভিন্ন স্থানে/কাউন্টারে যেতে হয়, স্লিপ নিতে হয়, লাইনে দাঁড়াতে হয়। অনেক সময় কোথায় কোন সেবা দেয়া হচ্ছে সেবা প্রার্থীরা তা না জানার কারনে ভোগান্তিতে পড়তে হয়।

বন্দির আত্মীয় স্বজন ও সেবা প্রার্থীদের সেবা প্রদান সহজতর করার লক্ষ্যে ওয়ানস্টপ সার্ভিস সেন্টার চালুর উদ্যোগ নেয়া হয়।

৩. উদ্যোগের কল্যাণঃ

ওয়ানস্টপ সার্ভিস সেন্টারে বন্দিদের সাথে সাক্ষাতের স্লিপ সংগ্রহ, পিসিতে টাকা জমা, ওকালতনামা জমা ও গ্রহণ, বন্দিদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন পোশাক) জমা, জামিন ও খালাস সম্পর্কিত তথ্য, মোবাইল ফোন ও ব্যাগ জমা, বন্দি সম্পর্কিত বৈধ তথ্য অনুসন্ধান, অভিযোগ নিষ্পত্তি ইত্যাদি সকল সেবা প্রদান করা হবে। ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে সেবা প্রদানের জন্য ০২ (দুই) জন কারারক্ষী এবং ইনচার্জ হিসেবে একজন ডেপুটি জেলার দায়িত্বে থাকবেন। ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু হলে সেবা প্রার্থীরা স্বল্প সময়ে প্রতিষ্ঠান প্রদত্ত সকল সেবা প্রাপ্ত হবে।

৪. উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

| সদস্যদের নাম | ঠিকানা |
|---|---|
| এ কে এম মাসুম, জেলার, মানিকগঞ্জ জেলা কারাগার | মানিকগঞ্জ জেলা কারাগার |
| মোঃ মনির হোসেন চৌধুরী, ডেপুটি জেলার | |
| নাহিদা আক্তার, ডেপুটি জেলার | |
| মোঃ নাজিম উদ্দিন, প্রধান কারারক্ষী নং-১১২৭৬ | |
| পলাশ হোসেন, কারারক্ষী নং-১৩৫৫৫ | |

# কারা বিভাগের Good Practice

| নং | উত্তম চর্চার বিবরণ |
|---|---|
| ১. | **মেডিটেশন চালুকরণঃ**<br>বন্দিদের সুশৃঙ্খল হওয়া, আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তা করণের লক্ষ্যে কারাগার সমূহে মেডিটেশন কার্যক্রম চালু করা হয়েছে।<br><br><br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে মেডিটেশনরত বন্দিরা। |
| ২. | **বন্দি দরবারঃ**<br>প্রতিমাসে একবার বন্দিদের অভিযোগ/মতামত শোনার জন্য কারা বন্দিদের সমন্বয়ে দরবার আয়োজন করা হয়। জেল সুপার বন্দিদের অভিযোগ/মতামতের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করেন।<br><br><br>বন্দি দরবার নরসিংদী জেলা কারাগার। |

| | |
|---|---|
| ৩. | **সুপেয় পানির ব্যবস্থাকরণঃ**<br>কারা কর্মকর্তা ও কর্মচারীদের সুবিধার্থে কারা অধিদপ্তর ভবনের প্রতি তলায় পানির ফিল্টার স্থাপন এবং বন্দিদের জন্য সুপেয় ঠান্ডা পানি সরবরাহের উদ্দেশ্যে অধিকাংশ কারাগারে ওয়াটার কুলার স্থাপন করা হয়েছে। যার সুফল পাচ্ছে বন্দি ও কর্মকর্তা-কর্মচারীরা।<br><br>কারা অধিদপ্তর এবং চাঁদপুর জেলা কারাগারে বন্দিদের জন্য ওয়াটার কুলার স্থাপন করা হয়েছে। |
| ৪. | **নিরাপত্তা ব্যবস্থা আধুনিকীকরণঃ**<br>নিরাপত্তা নিশ্চিত কল্পে কারা অধিদপ্তরে Turned Style Access Control গেটস্থাপন করা হয়েছে। নির্ধারিত কার্ড ছাড়া কেউ অধিদপ্তরে প্রবেশের সুযোগ নেই।<br> |
| ৫. | **ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনঃ**<br>কারা কর্মকর্তা-কর্মচারী ও বন্দিদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরের  ভিতরে খেলাধুলার আয়োজন করা হয়। এতে করে বন্দিদের মানসিক ও শারীরিক উৎকর্ষতা সাধিতহয়। |





কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ বন্দিদের ক্রীড়া প্রতিযোগিতা।

৬. **মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং**

মাদকাসক্ত বন্দিদের পুনর্বাসনের লক্ষ্যে কারাগারসমূহে বন্দিদের মাঝে মাদক বিরোধী প্রচারণা পরিচালনাসহ মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং এর আয়োজন করা হয়।



কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ আয়োজিত মাদক বিরোধী সমাবেশ।

| | |
|---|---|
| ৭. | **কারা পাঠাগার স্থাপনঃ**<br>বন্দিদের পড়াশোনা, মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে পাঠাগার স্থাপন করা হয়েছে। এতে করে বন্দিরা তাদের অবসর সময়কে নিজেদের বিকাশে কাজে লাগাতে পারছে।<br><br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর পাঠাগারে অধ্যয়নরত বন্দিরা। |
| ৮. | **ধর্মীয় শিক্ষা প্রদানঃ**<br>বন্দিদের আত্মশুদ্ধির লক্ষ্যে কারাভ্যন্তরে বন্দিদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়।<br><br>বন্দিদের ধর্মীয় শিক্ষা প্রদান করা হচ্ছে। |

| | |
|---|---|
| ৯. | **নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদানঃ**<br>সকল কারাগারে নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br> |
| ১০. | **শিশুদের জন্য পার্ক স্থাপনঃ**<br>কারাভ্যন্তরে মায়ের সাথে থাকা শিশুদের খেলাধুলা ও চিত্তবিনোদনের জন্য কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে শিশুপার্ক “আনন্দভুবন” স্থাপন করা হয়েছে।<br><br>শিশু পার্কে খেলাধুলায় মত্ত শিশুরা। |

| | |
|---|---|
| ১১. | **সেলাই প্রশিক্ষণঃ**<br>পুনর্বাসন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কারাগারে সেলাই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।<br><br>সেলাই প্রশিক্ষণ গ্রহণ করছে বন্দিরা। |

| | |
|---|---|
| ১২. | **ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণঃ**<br>পুনর্বাসন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে পুরুষ বন্দিদের ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন।<br> |

| | |
|---|---|
| ১৩. | **তথ্য ও সেবা কেন্দ্র চালুকরণঃ**<br>বন্দির আত্মীয়-স্বজন ও দর্শনার্থীদের সেবা গ্রহণের সুবিধার্থে কারাগারর সমূহে তথ্য ও সেবা কেন্দ্র চালু করা হয়েছে।<br><br>তথ্য ও সেবা কেন্দ্র, ঢাকা কেন্দ্রীয় কারাগার। |
| ১৪. | **অভিযোগ/ অনুযোগ শ্রবণ ঃ**<br>সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার কারা মহাপরিদর্শক এর সাথে সকল শ্রেণীর কর্মকর্তা-কর্মচারীর অভিযোগ/অনুযোগ শ্রাবণ ও সমাধানে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করা হয়। |
| ১৫. | **আবাসন প্রকল্প ঃ**<br>কারা কর্মকর্তা- কর্মচারীদের জন্য ০৩ কাঠা ও ০৫ কাঠা বিশিষ্ট প্লটের আবাসন প্রকল্প চালু করা হয়েছে। |
| ১৬. | **শরীর চর্চার আয়োজন ঃ**<br>বন্দীদের শারীরিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে শরীর চর্চার আয়োজন করা হয় । |
| ১৭. | **সাংস্কৃতিক কর্মকান্ডের আয়োজন ঃ**<br>বন্দিদের বিনোদনের জন্য কারাভ্যন্তরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। |
| ১৮. | **ডাস্টবিন স্থাপন ঃ**<br>কারাভ্যন্তরে পরিষ্কার-পরিচ্ছন্নতা রক্ষার সুবিধার্থে ডাস্টবিন স্থাপন করা হয়েছে। |
| ১৯ | **সাক্ষাত কক্ষে ফ্যানের ও বিশুদ্ধ পানির ব্যবস্থা ঃ**<br>বন্দিদের সাথে আত্নীয়-স্বজনের সাক্ষাতকক্ষে পর্যাপ্ত বসার স্থান এবং ফ্যানের ও বিশুদ্ধ পানির ব্যবস্থা করা হয়েছে। |
| ২০. | **বন্দিদের আইন সহায়তা প্রদান ঃ**<br>দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল বন্দিদের আইন সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। |

# কারা অধিদপ্তরের ফটোগ্যালারি








**মানিকগঞ্জ জেলা কারাগারের ওয়ানস্টপ সার্ভিস সেন্টার**




জেল আপিল প্রকিয়া সহজীকরণ

# কারা অধিদপ্তরের ইনোভেশন বিষয়ক কর্মশালা




কারা মহাপরিদর্শক মহোদয় ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ
এর উদ্বোধনী বক্তব্য রাখছেন




১৯-২-২০২০ ও ২০-২-২০২০ তারিখ অনুষ্ঠিত ০২ (দুই) দিনব্যাপী ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ




১৯-২-২০২০ ও ২০-২-২০২০ তারিখ অনুষ্ঠিত ০২ (দুই) দিনব্যাপী ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ



১৯-২-২০২০ ও ২০-২-২০২০ তারিখ অনুষ্ঠিত ০২ (দুই)দিন ব্যাপী ইনোভেশন বিষয়কপ্রশিক্ষণ



২০.০৬.২০১৯ তারিখ অনলাইন প্লাটফর্ম Google meet এ ইনোভেশন সংক্রান্ত ০১ দিনের কর্মশালার আয়োজন করা হয়



২০.০৬.২০১৯ তারিখ অনলাইন প্লাটফর্ম Google meet এ ইনোভেশন সংক্রান্ত ০১ দিনের কর্মশালার আয়োজন করা হয়

# কারা অধিদপ্তরের সেবা প্রদ্ধতি সহজিকরণ

সেবার নামঃ মোবাইল ব্যংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা প্রেরণ

| বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|
| ১। বন্দির স্বজনের কারা এলাকায় স্বশরীরে উপস্থিতি।<br>২। টাকা জমা নেয়ার নির্ধারিত স্থানে গমন।<br>৩। লাইনে দাঁড়ানো ।<br>৪। টাকা জমা প্রদান ও স্লিপ গ্রহণ। | বন্দির স্বজন বাড়িতে বসেই নির্ধারিত নাম্বারে নগদ/বিকাশ এর মাধ্যমে টাকা প্রেরণ করতে পারবেন। |


**নিষ্পত্তির সময়:**


| **বিদ্যমান পদ্ধতি** | **প্রস্তাবিত পদ্ধতি** |
|---|---|
| ০১ কার্যদিবস | ০০ কার্যদিবস |

TCV (Time, Cost, Visit) বিশ্লেষণঃ

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় | ০১ (এক) দিন | ৫(পাঁচ) মিনিট |
| খরচ | বাড়ি হতে কারাগারে আসা যাওয়ার খরচ (দূরত্ব ভেদে ২০০ - ১০০০/-) | বিকাশ/নগদ এ টাকা প্রেরণ নির্ধারিত ফিস (প্রতি হাজারে ২০ টাকা) |
| ধাপ | ৪টি | ১ টি |
| ভিজিট | ১ কার্যদিবস | ০ |
| জনবল | - | - |
| সেবা পদ্ধতি স্থান | সংশ্লিষ্ট কারাগার | সুবিধাজনক যেকোন স্থান |

**বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির গ্রাফিক্যাল তুলনা**



বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ **(Process Map)**:

ধাপ সংখ্যা: ০৪
সম্পৃক্ত জনবল: ০২ জন
সময়: ০১ কার্যদিবস

শুরু

↓

| ধাপ | ক্রম | |
|---|---|---|
| বন্দির স্বজনের কারা এলাকায় স্বশরীরে উপস্থিতি। | ১ | P: আবেদকারী T: ০১ দিন |
| টাকা জমা নেয়ার নির্ধারিত স্থানে গমন। | ২ | P: আবেদকারী T: ০০ দিন |
| লাইনে দাঁড়ানো | ৩ | P: আবেদকারী T: ০০ দিন |
| টাকা জমা প্রদান ও স্লিপ গ্রহণ | ৪ | P: আবেদকারী ও টাকা জমাগ্রহনকারী কারারক্ষী T: ০০ দিন |

↓

শেষ

প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ **(Process Map)**:

ধাপ সংখ্যা: ০১
সম্পৃক্ত জনবল: ০১ জন
সময়: ০৫ মিনিট

